Answer script submission email scmbengab@gmail.com

## WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2022

## BNGACOR09T-BENGALI (CC9)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে একটি করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) ‘ঘরে বাইরে’-র নিখিলেশ রবীন্দ্র-বিশ্বাসেরই প্রতিরূপ। — আলোচনা করো। ১০

**অথবা**

(খ) যে সামাজিক-রাজনৈতিক স্তর-পরম্পরায় রবীন্দ্রনাথ ‘ঘর’ ও ‘বাইরে’-র ব্যঞ্জনাকে দৃশ্যপটের মধ্যে উপস্থাপিত করেছেন, তার পরিচয় দাও। ১০

**একক-২**

(গ) কুমারসম্ভব এবং শকুন্তলায় “কবি দেখাইয়াছেন, মোহে যাহা অকৃতার্থ মঙ্গলে তাহা পরিসমাপ্ত ;”– মহাকবি কালিদাসের এই বোধ-আদর্শকেই একত্র সংহত করেছেন ‘প্রাচীন সাহিত্য’-এর রবীন্দ্রনাথ। – আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) ‘কাব্যের উপেক্ষিতা’ প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের মতে উপেক্ষিতা কারা ? কেন এদের উপেক্ষিতা বলেছেন ? ২+৮= ১০

**একক-৩**

(ঙ) “পাল্কিখানা ঠাকুরমাদের আমলের।” — রবীন্দ্রনাথের ঠাকুরমার নাম কী ছিল ? ‘ছেলেবেলা’ গ্রন্থে এই পাল্কির প্রসঙ্গে রবীন্দ্রনাথ যা বলেছেন, তা সংক্ষেপে লেখো। ১+৯= ১০

**অথবা**

(চ) ‘আমার জীবনে বাইরের খোলা ছাদ ছিল প্রধান ছুটির দেশ।’ ‘ছেলেবেলা’ অনুসরণে এই মুক্তির রাজ্যটিকে ঘিরে রবীন্দ্রনাথের বিচিত্র অভিজ্ঞতার পরিচয় দাও। ১০

**একক-৪**

(ছ) সোভিয়েট শিক্ষাকে কীভাবে প্রাণবান করে তুলেছে, ‘রাশিয়ার চিঠি’ অনুসরণে শিক্ষার সেই ‘বিরাট পর্ব’-এর পরিচয় দাও। ১০

অথবা

(জ) 'বলশেভিক অর্থনীতি সম্বন্ধে আমার মত কী, একথা অনেকে আমাকে জিজ্ঞাসা করে থাকেন'– 'রাশিয়ার চিঠি'-তে এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ যে অভিমত ব্যক্ত করেছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) 'এই তো হিপনটিজম্। এই শক্তিই পৃথিবী জয় করবার শক্তি। কোনা উপায় নয়, উপকরণ নয়, এই সম্মোহন ।'' – কোন্ প্রসঙ্গে এ ভাবনা কার মনে এসেছে ? এ কথা ভাবার কারণ কী ? ২+১+২=৫

(খ) ''মানুষ বলিয়াই রামচরিত মহিমান্বিত।''– 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো। ৫

(গ) 'সে হল কাহিনী, এ হল কাকলি' – কে কোন্ প্রসঙ্গে একথা কোথায় বলেছেন ? 'কাহিনী' কাকে বলা হয়েছে ? ১+২+১+১=৫

(ঘ) ''রাশিয়ায় কৃষি বলরামকে ডাক দিয়েছে।'' – হলধর বলরামকে 'ডাক' দেওয়ার প্রাসঙ্গিকতা বুঝিয়ে লেখো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——